



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ মে' ২০২৪ খ্রিঃ

চসিক শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ) বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ) এর উদ্যোগে আজ শনিবার বিকালে চসিকের লালদীঘি পাড়হু দুর্যোগ ব্যবস্থাপনা অডিটরিয়ামে এক বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সিবিএ সভাপতি ফরিদ আহমদের সভাপতিত্বে যুগ্মসাধারণ সম্পাদক বিপ্লব কুমার চৌধুরী সঞ্চালনায় অনুষ্ঠনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-চট্টগ্রাম বিভাগীয় শ্রম দণ্ডের সহকারি পরিচালক মো. আব্দুস সাবির ভুঁইয়া। বিশেষ অতিথি ছিলেন-চট্টগ্রাম বিভাগীয় শ্রম দণ্ডের কর্মকর্তা মো. রেজোয়ানুল করিম। বক্তব্য রাখেন-চসিক সিবিএ সিনিয়র সহসভাপতি জাহেদুল আলম চৌধুরী, সাধারণ সম্পাদক মো. মুজিবুর রহমান, সাংগঠনিক সম্পাদক মো. আবুল মাসুদ, আইন বিষয়ক সম্পাদক ফরিদ আহমদ, সহ সাংগঠনিক সম্পাদক মো. খোরশেদ আলম, সহ-দণ্ডের সম্পাদক ওয়ালিদুল আজিম সোহেল, সদস্য শেখ শহিদুল আলম, মো. শফি, দিলীপ, যোগেশ, পুলক দাশ, সাধারণ সদস্য নুরে আলমগীর, আকবর আলী আকাশ, মো. হুমায়ুন কবির, মো. সালাহ উদ্দিন, শেখ জালাল। প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম বিভাগীয় শ্রম দণ্ডের সহকারি পরিচালক মো. আব্দুস সাবির ভুঁইয়া বলেন, শ্রম আইন অনুযায়ী রেজিস্ট্রি ভূক্ত প্রত্যেকটি সংগঠনের মেয়াদাতে নির্বাচন অথবা কমিটি গঠনের বাধ্যবধকতা রয়েছে। আইনের প্রতি শুন্দি রেখেই সংগঠন পরিচালনা করতে হবে। তিনি সিবিএ নেতৃত্বের দ্রুততম সময়ের মধ্যে একটি নির্বাচন পরিচালা কমিটি গঠন করে নির্বাচন করার আহ্বান জানান। সভায় সংগঠনের সভাপতি ফরিদ আহমদ সদস্যদের উপস্থিত একটি নির্বাচনী প্যানেল গঠন করে তাদের নাম প্রস্তাব করলে সদস্যগণ এই প্রস্তাবকে স্বাগত জানান। সভার শুরুতে সিবিএ সাধারণ সম্পাদক মো. মুজিবুর রহমান বার্ষিক রিপোর্ট শেপ সহ বিগত সময়ে মৃত্যুবরণকারি সদস্যদের প্রতি শোক প্রস্তাব গ্রহণ করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮